

# ‘এ’ ইউনিটের ফল প্রকাশ

মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টাঙ্গাইল প্রতিনিধি

১৪ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

## আমাদের সময়



মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় জিএসটি গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ‘এ’ ইউনিটেরভর্তি পরীক্ষার ফল গতকাল মঙ্গলবার বিকাল ৩টার দিকে প্রকাশিত হয়েছে। ফলাফল ওয়েবসাইট : মংৎধফসরংড়হ.ধপ.নফ-এ পরীক্ষার্থী লগইন করে জানতে পারবেন। এ ছাড়া ভর্তি সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের অন্যান্য তথ্যাদিও ওয়েবসাইটে পাওয় যাবে।

‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় আবেদনকারীর সংখ্যা ছিলেন ১ লাখ ৪২ হাজার ৭১৪ জন। অংশগ্রহণকারী পরীক্ষার্থী ছিলেন ১ লাখ ২৫ হাজার ৫৫৩ জন (শতকরা ৮৭.৯৮)।

পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা ৫৭ হাজার ৪২৫ জন (শতকরা ৪৫.৭৪) এবং অকৃতকার্য সংখ্যা ৬৮ হাজার ১২৮ জন (শতকরা ৫৪.২৬)। অনুপস্থিতির সংখ্যা ১৭ হাজার ১৬১ জন (শতকরা ১২.০২)। ওএমআর বাতিলের সংখ্যা ৩৯টি। সর্বোচ্চ

প্রাপ্ত নম্বর ৮৪.৭৫ ও সর্বনিম্ন প্রাপ্ত নম্বর মাইনাস (-) ১৫.৭৫।

গতকাল বিকাল ৩টায় গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক ও মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে ফলাফল ঘোষণার পর কমিটির আহ্বায়ক সাংবাদিকদের ব্রিফিংকালে এ তথ্য জানান।

উল্লেখ্য, গত ২৫ এপ্রিল ‘সি’, ২ মে ‘বি’ এবং ৯ মে ২০২৫ তারিখে ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা ২১টি বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। এ নিয়ে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সব ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন এবং ফলাফলও প্রকাশিত হয়েছে।